# মন্ত্রিপরিষদ বিভাগের মার্চ ২০২৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: মার্চ ২০২৪ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১৫ এপ্রিল ২০২৪

**(১) প্রশাসনিক:**

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ৩০২ | ১১৫ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,১৯৯ | ৮৯৯ |
| **মোট** | ২,৫১৫ | ১,৫০১ | ১,০১৪ |

ক. ২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৩ | - | ২৯ | ১৭ | ৩৯ | ২৭ | ১১৫ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ২৬০ | ২৩৪ | ২৫২ | ১৫৩ | ৮৯৯* |
| **মোট** | ৩ | - | ২৮৯ | ২৫১ | ২৯১ | ১৮০ | ১,০১৪ |

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | জানুয়ারি মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৩ | - | ৩ | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| **মন্ত্রিপরিষদ বিভাগ** | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী | | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | ১। ০৯ মার্চ ২০২৪ তারিখে গাজীপুর জেলা; ১৭ মার্চ ২০২৪ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে গোপালগঞ্জ জেলা এবং ২৬ মার্চ ২০২৪ তারিখে স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | ৩ | - | |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | |

| **দুর্নীতি দমন কমিশন** | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | - |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | | |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা:

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| **প্রকল্পের নাম** | **বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)** | **প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার** | **মন্তব্য** |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS | ৯১ | ৪২.৫৯ (৪৬.৮০ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (1st revised) | ৮৮ | - | - |
| মোট=০২টি | ১৭৯ | ৪২.৫৯ (২৩.৭৯ শতাংশ) | - |

**খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:**

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

**গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা:**


**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ২৬টি | ৫.০৩ | - | - | ২৬টি | মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে মোট ২৬টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ১২টি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তি রয়েছে। অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ১৬টি | ১৯৩.৬৩ | - | - | ১৬টি | - |
| মোট | ৪২টি | ১৯৮.৬৬ | - | - | ৪২টি | - |




খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা:

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (জানুয়ারি মাসের ১ তারিখে) | জানুয়ারি মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | জানুয়ারি মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি /বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | ১ | - | - | - | - | ১ | - |
| **দুর্নীতি দমন কমিশন** | ১৯ | - | - | ২ | ২ | ১৫ | ১৩ |
| **মোট** | ২০ | - | - | ২ | ২ | ১৬ | ১৩ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/ এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | ১। | এনফোর্সমেন্ট অভিযান, ফাঁদ কার্যক্রম ও ফরেনসিক বিষয়ক প্রশিক্ষণ | ০৩-০৫ মার্চ ২০২৪ মেয়াদে | দুর্নীতি দমন কমিশন | ৯০ জন |
| | ২। | শুদ্ধাচার ও সুশাসন বিষয়ক প্রশিক্ষণ | ২৮ মার্চ ২০২৪ মেয়াদে | দুর্নীতি দমন কমিশন | ৩০ জন |

**খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:**
মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২৩-২৪ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘণ্টা) সম্পন্ন হয়েছে এবং নবম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘণ্টা) চলমান রয়েছে।

**গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।**

**ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না:** ব্যবস্থা আছে, কর্মসূচি চলমান রয়েছে।

**ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:**

**(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:** নেই।

**ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।**

**খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক একটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিসভা-বৈঠকে ১১টি সিদ্ধান্ত গৃহীত হয়, এর মধ্যে ০৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে ২০টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) ২৫ মার্চ ২০২৪ তারিখে ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে 'স্বাধীনতা পুরস্কার-২০২৪' প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

(৩) মার্চ ২০২৪ মাসে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি গঠনপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৪) মার্চ ২০২৪ মাসে সর্বমোট ১২টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগসমূহের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এ সময়ে মোট ০৬টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৫টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(৫) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ফেব্রুয়ারি দ্বিতীয় ও মার্চ প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়েছে।

(৬) বিভিন্ন মামলায় ২২ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে চার্জশিট দাখিল এবং ৪৫ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় পরিসমাপ্ত করা হয়েছে মর্মে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হয়। এর পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে মার্চ ২০২৪ মাসে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে।

(৭) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে ২৮ মার্চ ২০২৪ তারিখে 'Technical Assistance to Support Social Security System Reform (TASSSR)' বাজেট সহায়তা সংক্রান্ত এবং 'Consultative Group (LCG)'-এর ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হয়েছে।

(৮) মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তার অংশগ্রহণে তিন দিনব্যাপী 'জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

(৯) ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত কর্মশালার আয়োজন করা হয়েছে।

(১০)  ১২ ও ১৩ মার্চ ২০২৪ তারিখে যথাক্রমে ‘Establishing Civil Registration Based Vital Statistics System in Bangladesh’ এবং ‘Cause of Death within the Vital Statistics System and Next Steps’  সংক্রান্ত আর্ন্তজাতিক কর্মশালা ঢাকায় অনুষ্ঠিত হয়।

(১১) ১৯ মার্চ ২০২৪ তারিখে পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) আইন, ২০২৪ সংক্রান্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(১২) বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধন), ২০২৩-এর উপর মন্ত্রিপরিষদ বিভাগের মতামত সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(১৩) ১৭ মার্চ ২০২৪ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন এবং জাতীয় পতাকা উত্তোলন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) ‘জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৪’ যথাযথভাবে উদ্‌যাপন উপলক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন ছনুয়া ইউনিয়নের ০১ নম্বর ওয়ার্ডের ০২টি স্থানে গ্যাসের সন্ধান বিষয়ে গৃহীত কার্যক্রমসমূহ অবহিতকরণের বিষয়ে জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) পবিত্র ঈদ-উল-ফিতর এবং বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) ‘জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস ২০২৪’ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) ‘টাঙ্গাইল শাড়ি’-কে ‘Tangail Saree of Bengal’ হিসেবে ভারতে নিবন্ধনের পরিপ্রেক্ষিতে উদ্ভূত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত সমন্বিত টাস্কফোর্স কমিটিতে সদস্য হিসেবে জেলা প্রশাসক, টাঙ্গাইলকে অন্তর্ভুক্তিকরণে সম্মতি প্রদান করে শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) ২৭ মার্চ ২০২৪ তারিখে মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২৪-২৫ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা হালনাগাদ সংক্রান্ত কর্মশালা শুদ্ধাচার ফোকাল ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়েছে।

(২১) ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পর্যায়ে ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ (সিটিজেন্‌স চার্টার) বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শীর্ষক ০৬টি কর্মশালা ১৮০ জন কর্মকর্তার সমন্বয়ে অনুষ্ঠিত হয়েছে।

(২২) গ্রাম আদালতে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম, ঢাকা, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, রাঙ্গামাটি, জামালপুর, পঞ্চগড় ও ঝালকাঠি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) ‘Social Security Policy Support (SSPS) Programme (2nd Revised)’ এবং ‘Support to the Central Management Committee (CMC)’s Policy Guidance on Child Component of the NSSS’ শীর্ষক সংশোধিত কারিগরি সহায়তা প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে।

(২৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৬ অনুচ্ছেদের (২) দফা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ০১ মার্চ ২০২৪ তারিখে ০৭ জন প্রতিমন্ত্রী নিয়োগদান করেছেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০১ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(২৫) মাননীয় প্রধানমন্ত্রী Rules of Business 1996-এর Rule 3(iv) অনুযায়ী প্রতিমন্ত্রিগণের মধ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের দায়িত্ব বণ্টন করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ০১ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(২৬) দ্বাদশ জাতীয় সংসদে মন্ত্রণালয়/বিভাগসমূহের সংসদ বিষয়ক কার্যাবলি সম্পাদনে মন্ত্রী/প্রতিমন্ত্রিগণের দায়িত্ব পুনর্বিন্যাস সংক্রান্ত প্রজ্ঞাপন ১৯ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(২৭) ১০ মার্চ ২০২৪ তারিখে নেপালে অনুষ্ঠিত 'সাফ অনূর্ধ্ব-১৬ নারী চ্যাম্পিয়নশিপ' টুর্নামেন্টের ফাইনাল খেলায় ভারতকে ৩-২ গোলের ব্যবধানে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৬ নারী ফুটবল দল। বাংলাদেশ অনূর্ধ্ব-১৬ নারী ফুটবল দলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে ১৩ মার্চ ২০২৪ তারিখের মন্ত্রিসভা-বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়। গৃহীত অভিনন্দন প্রস্তাব ২১ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(২৮) বর্ষীয়ান সাংবাদিক ও বীর মুক্তিযোদ্ধা প্রধানমন্ত্রীর প্রেস সচিব জনাব ইহসানুল করিম ১০ মার্চ ২০২৪ তারিখে ইন্তেকাল করেন। জনাব ইহসানুল করিমের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে ১৩ মার্চ ২০২৪ তারিখের মন্ত্রিসভা-বৈঠকে একটি শোকপ্রস্তাব গৃহীত হয়। গৃহীত শোকপ্রস্তাব ২১ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(২৯) ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ রাতে রাজধানীর বেইলি রোডে অবস্থিত 'গ্রিন কোজি কটেজ' ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জন নিহত এবং ১১ জন আহত হন। মর্মান্তিক এ অগ্নিকাণ্ডে নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাদের আত্মার মাগফেরাত কামনা, নিহত ব্যক্তিদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং আহত ব্যক্তিদের দ্রুত সুস্থতা কামনা করে ১৩ মার্চ ২০২৪ তারিখের মন্ত্রিসভা-বৈঠকে একটি শোকপ্রস্তাব গৃহীত হয়। গৃহীত শোকপ্রস্তাব ২১ মার্চ ২০২৪ তারিখের বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

## গ.আগামী (এপ্রিল-মে) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি; নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি; আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি; মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন; মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(২) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৪তম সভা।

(৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।